

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ/১৬ মে ২০১৬ খ্রিস্টাব্দ

নং ১২/মূসক/২০১৬—যেহেতু আহচানিয়া মিশন ক্যানসার এন্ড জেনারেল হসপিটাল একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে মানবকল্যাণে বেসরকারি পর্যায়ে স্বাস্থ্যসেবা প্রদান করিয়া থাকে—যা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিল অনুযায়ী মূল্য সংযোজন কর (মূসক) হইতে অব্যাহতিপ্রাপ্ত; এবং

যেহেতু আহচানিয়া মিশন ক্যানসার এন্ড জেনারেল হসপিটাল একটি সেবাধর্মী প্রতিষ্ঠান এবং সেবা প্রদানের উদ্দেশ্যে রেডিওথেরাপি, এমআরআই, সিটি স্ক্যান মেশিন ও এর যন্ত্রাংশ আমদানি করা হইয়াছে, বিক্রয় বা হস্তান্তরের জন্য নয়;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, বৃহত্তর জনস্বার্থে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে আহচানিয়া মিশন ক্যানসার এন্ড জেনারেল হসপিটাল এর জন্য আমদানিকৃত বিভিন্ন মেডিকেল ইকুইপমেন্ট, যেমন: রেডিওথেরাপি, এমআরআই, সিটি স্ক্যান মেশিন ও এর যন্ত্রাংশের উপর আরোপিত অগ্রিম মূল্য সংযোজন কর (ATV) অব্যাহতি প্রদান করিল।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং উহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শামসুল আরেফিন খান
দ্বিতীয় সচিব (মূসক অব্যাহতি)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্দালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮৩৩৩)

মূল্য : টাকা ৪.০০